



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 6th Semester Examination, 2023

BNGACOR14T-BENGALI (CC14)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রসঙ্গমানে নির্দেশক।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

বিভাগ-ক

- ১। প্রতিটি একক থেকে একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

একক-১

- (ক) 'ইংরাজদের দেখিলেই বলিষ্ঠ, সাহসী, পরিশ্রমী ও বুদ্ধিমান বলিয়া বোধ হয়।' — উক্তিটির আলোকে ১০
ইংরেজ জাতি ও তাদের প্রকৃতি সম্পর্কে আলোচনা করো।

অথবা

- (খ) 'ইংল্যান্ডে বঙ্গমহিলা' গ্রন্থ অবলম্বনে উনিশ শতকের ইংল্যান্ডে প্রচলিত শিক্ষাব্যবস্থার স্বরূপটি নিজের ১০
ভাষায় লেখো।

একক-২

- (গ) 'যুরোপ-প্রবাসীর পত্র' গ্রন্থ অবলম্বনে লেখকের লন্ডন শহর সম্পর্কিত অভিজ্ঞতার পরিচয় দাও। ১০

অথবা

- (ঘ) 'যুরোপ-প্রবাসীর পত্র' গ্রন্থে পরিহাসপ্রিয় রবীন্দ্রনাথের যে পরিচয় পাওয়া যায় সে-সম্পর্কে সংক্ষেপে ১০
আলোচনা করো।

একক-৩

- (ঙ) সৈয়দ মুজতবা আলী রচিত 'দেশে বিদেশে' গ্রন্থে আফগানিস্তানের ইতিহাস ও সংস্কৃতির যে চিত্র ফুটে ১০
উঠেছে তার পরিচয় দাও।

অথবা

- (চ) সৈয়দ মুজতবা আলীর 'দেশে বিদেশে' গ্রন্থটি কোন্ প্রেক্ষিতে সরল, মেধাবী এবং বর্ণময় তা' ১০
আলোচনা করো।

একক-৪

- (ছ) 'হে পূর্ণ তব চরণের কাছে' গ্রন্থ অবলম্বনে লেখিকার কেদার-বদ্রী ভ্রমণের অভিজ্ঞতার বিবরণ নিজের ১০
ভাষায় লেখো।

অথবা

- (জ) ভ্রমণসাহিত্য হিসাবে 'হে পূর্ণ তব চরণের কাছে' গ্রন্থটির বিশেষত্ব আলোচনা করো। ১০

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০
- (ক) ‘পারসি কাহাদের বলে তাহা বোধহয় আমার দেশীয় ভগিনীদের মধ্যে অনেকে জানেন না।’ — বক্তা কে ? তিনি পারসিদের সম্পর্কে কী জানিয়েছেন ? ১+৪
- (খ) ব্রাইটনের মেডিনা ভিলেজ সম্পর্কে যে বর্ণনা রবীন্দ্রনাথ ‘য়ুরোপ-প্রবাসীর পত্র’ গ্রন্থে দিয়েছেন তা লেখো। ৫
- (গ) ‘বাকি জীবন সে ওই পঁয়তাল্লিশ নম্বরের ভানুমতী কখনো কাটিয়ে উঠতে পারেনি।’ — ভানুমতী কে ? উদ্ধৃত উক্তিটির প্রসঙ্গ উল্লেখ করো। ১+৪
- (ঘ) ‘ওকে আমি চিনিই না। নৌকর হায়া।’ — উক্তিটি কার ? এই কথার মধ্যে বক্তার মানসিকতার যে পরিচয় ফুটে উঠেছে তা প্রসঙ্গসহ ব্যাখ্যা করো। ১+৪

—x—